**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 14-09-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সেনাবাহিনীর ‘কম্বাইন্ড কম্যান্ডার্স কনফারেন্স-এ যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যে আসছেন। এই সফরকে কেন্দ্র করে শহর কলকাতায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

২) গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স একটি অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্র্যাফ্ট নৌসেনার হাতে তুলে দিয়েছে।

৩) স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আজ নেওয়া হবে।

৪) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী মৃত্যুর ঘটনায় কলকাতা পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে জাতীয় মহিলা কমিশন।

৫) মালদায় আর জি কর মেডিকেল কলেজের চিকিৎসক পড়ুয়ার অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশ তার বন্ধু উজ্জ্বল সোরেনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

------------------------------------------------------------------------

সেনাবাহিনীর ‘কম্বাইন্ড কম্যান্ডার্স কনফারেন্স-এ যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যে আসছেন। ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর পর্যন্ত কলকাতায় ভারতীয় সেনার

পূর্বাঞ্চলীয় সদর কার্যালয় ফোর্ট উইলিয়ামে শুরু হচ্ছে এই সম্মেলন। অপারেশন সিঁদুরের পর ভারতীয় সেনা এবং কমান্ডারদের নিয়ে দেশের মধ্যে এটিই হতে চলেছে সবচেয়ে বড় বৈঠক। প্রধানমন্ত্রী ওই কনফারেন্সের উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, তিন বাহিনীর প্রধান সহ সেনাবাহিনীর শীর্ষ কর্মকর্তারা। সেনাবাহিনীর ভবিষ্যৎ কৌশল ও সীমান্ত নিরাপত্তা নিয়ে এই বৈঠকে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গিয়েছে।

(একটি প্রতিবেদন-ভিসি অভিরূপ)

এদিকে, প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে কলকাতা পুলিশ আজ থেকে দুদিন শহরজুড়ে যান চলাচলে বিধিনিষেধ জারি করেছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আজ দুপুর সাড়ে তিনটে থেকে রাত আটটা এবং আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটে পর্যন্ত শহরের গুরুত্বপূর্ণ রাস্তায় পণ্যবাহী যান চলাচল বন্ধ থাকবে। এছাড়া আজ রাত দশটা পর্যন্ত রাজভবন সংলগ্ন রাস্তাগুলিতেও পণ্যবাহী যান চলাচলের উপর নিষেধাজ্ঞা থাকছে।

--------------------------

গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স একটি অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফ্ট নৌসেনার হাতে তুলে দিয়েছে। ‘আন্দ্রোথ’ নামের এই জাহাজটি আটটি যুদ্ধজাহাজের সিরিজের দ্বিতীয় জাহাজ। আন্দ্রোথকে গতকাল নৌসেনার পক্ষে গ্রহণ করেন ইস্টার্ন নেভাল কমান্ডের সিএসও (টেকনিকাল) রিয়ার অ্যাডমিরাল রবনিশ শেঠ। লাক্ষাদ্বীপের আন্দ্রোথ দ্বীপ নামাঙ্কিত এই যুদ্ধজাহাজে দেশীয় প্রযুক্তিতে নির্মিত ৩০ মিলিমিটার নেভাল সারফেস গান বসানো হয়েছে। চার মাস আগেই এই সিরিজের প্রথম জাহাজ ‘আর্ণালা’ নৌবাহিনীকে হস্তান্তর করা হয়েছিল, যা ১৮ই জুন জলে ভাসানো হয়।

-------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে **সেবা পক্ষকাল** পালনের অঙ্গ হিসেবে বিজেপি 'নমো ম্যারাথনে'র আয়োজন করছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় একথা জানিয়ে বলেন, ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষকাল পালন করা হবে। এবছর নবতম সংযোজন হলো নম ম্যারাথন। এর উদ্দেশ্য হল নেশা মুক্ত ভারত গড়ে তোলা। কলকাতা ও শিলিগুড়িতে এই ম্যারাথনের আয়োজন করা হয়েছে। ২১ তারিখ মহালয়ার সকালে স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজারে নেতাজি মূর্তির পাদদেশ পর্যন্ত এই ম্যারাথন হবে। রাজনীতির উর্ধ্বে উঠে সব মানুষকে এতে সামিল করা হবে বলে তিনি জানান।

-------------------------

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আজ নেওয়া হবে। ১২ হাজার ৫১৪ টি শূন্যপদের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ২ লক্ষ ৪৫ হাজারের বেশি। রাজ্যজুড়ে মোট ৪৭৮ টি কেন্দ্রে বেলা বারোটা থেকে পরীক্ষা শুরু হবে। সকাল ১০ টা থেকেই কেন্দ্রে ঢুকতে পারবেন পরীক্ষার্থীরা। কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছেন, কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা বারকোড সম্বলিত অ্যাডমিট কার্ড দেখিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

(একটি প্রতিবেদন-ভিসি সুমন)

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসন, শিক্ষা দফতর ও এসএসসির তরফ থেকে যাবতীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ৭ই সেপ্টেম্বর নবম-দশম শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা নেওয়া হয়। আগামী সপ্তাহেই সেই পরীক্ষার মডেল উত্তর প্রকাশ করা হবে এসএসসির ওয়েবসাইটে।

------------------------

তৃণমূল ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক অভিরূপ চক্রবর্তীকে সেন্সর করার ঘটনায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য শান্তা দত্ত দে-র তীব্র সমালোচনা করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তিনি অভিযোগ করেন, প্রতিহিংসার কারণে ছাত্রদের টার্গেট করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের মানও নেমে গেছে বলে মন্তব্য করেন তিনি।

এদিকে, পাল্টা উপাচার্য বলেছেন, সেন্সরের সিদ্ধান্ত সিন্ডিকেটের। তৃণমূল ছাত্র পরিষদের ওই নেতা অত্যন্ত কুরুচিকর ভাষায় উপাচার্যের চেয়ারকে অপমান করেছেন। তারপরেও দলের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি বলে তাঁর অভিযোগ ।

উল্লেখ্য, ২৮শে আগস্ট দলের ছাত্র সংগঠনের প্রতিষ্ঠা দিবসে পরীক্ষার দিন বদলের দাবিতে বিক্ষোভ চলাকালীন অভিরূপ, উপাচার্যকে কটুক্তি করেন বলে অভিযোগ।

------------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইংরেজি স্নাতক স্তরের তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের দেহ উদ্ধারের ঘটনায় কলকাতার পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে জাতীয় মহিলা কমিশন। এই ঘটনায় স্বতঃপ্রনোদিত মামলা গ্রহণ করে কমিশনের চেয়ার পার্সন বিজয়া রাহাতকর, নগরপাল মনোজ ভার্মাকে চিঠি দিয়ে গোটা ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন। ময়নাতদন্তের রিপোর্ট এবং অন্যান্য বিস্তারিত তথ্য সহ ৩ দিনের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

গত বৃহস্পতিবার রাতে চার নম্বর গেট সংলগ্ন এলাকায় একটি ছাত্র সংগঠনের সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালীন বেলঘরিয়ার বাসিন্দা ওই ছাত্রী কোনোভাবে ঝিলের জলে পড়ে যান। বেশ কিছুক্ষণ পর উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে জলে ডুবে তাঁর মৃত্যু হয়েছে বলে জানা গেছে।

-------------------------

মালদায় আর জি কর মেডিকেল কলেজের এমবিবিএস পড়ুয়া অনিন্দিতা সোরেনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশ তার বন্ধু উজ্জ্বল সোরেনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে। আগেই জানানো হয়েছে, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটের বাসিন্দা অনিন্দিতা গত সোমবার উজ্জ্বলের সঙ্গে দেখা করতে মালদা যান। দুজনে শহরের একটি হোটেলে ওঠেন। সেখানে অসুস্থ হয়ে পড়ায় তাকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। শুক্রবার রাতে মৃত্যু হয় ঐ ছাত্রীর। পরিবারের অভিযোগ, ওষুধ জাতীয় কিছু খাইয়ে পুরুরিলয়ার বাসিন্দা উজ্জ্বলই তাকে খুন করেছে। উজ্জ্বল মালদা মেডিকেল কলেজের এমবিবিএস-এর ছাত্র।

-------------------------

কলকাতার গল্ফগ্রীনের কলাবাগান এলাকায় শ্বশুরকে খুনের অভিযোগে জামাইকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল সকালে নিজের বাড়ির সিড়ির নীচ থেকে এ জি বেঙ্গলের অবসরপ্রাপ্ত কর্মচারী সমীর কিশোর গুপ্তের দেহ উদ্ধার হয়। ওই বৃদ্ধের স্ত্রী অসুস্থ এবং ছেলে মানসিক ভারসাম্যহীন বলে জানা গেছে। জামাই সঞ্জিত দাস তাকে ধাক্কা মেরে নীচে ফেলে দিয়েছিল বলে স্থানীয়দের অভিযোগ।

-------------------------

কলকাতার আনন্দপুর থানা এলাকার গুলশন কলোনিতে দুষ্কৃতী তাণ্ডব এবং গুলি চালানোর ঘটনায় আরও এক জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃত মহম্মদ আম্বেরকে গতকাল পাকড়াও করা হয়। এই নিয়ে এই ঘটনায় ৪ জনকে গ্রেপ্তার করা হল।গত বৃহস্পতিবার সন্ধ্যায় বন্দুক নিয়ে কয়েকজন দুষ্কৃতী গুলশন কলোনিতে তাণ্ডব চালায়। ওইদিনই তিন জনকে গ্রেফতার করে পুলিশ। উদ্ধার করা হয় আগ্নেয়াস্ত্রও।

-------------------------

জিএসটি কাউন্সিলের ৫৬ তম বৈঠকের পর কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন পণ্য ও পরিষেবা কর কাঠামোয় বড় পরিবর্তনের ঘোষণা করেছেন । জীবন বীমা ও ব্যক্তিগত স্বাস্থ্যবীমার ক্ষেত্রে জিএসটি ছাড় দেওয়া হয়েছে । ৩৩টি জীবনদায়ী ওষুধ এবং ক্যান্সার ও বিরল রোগের ৩টি গুরুত্বপূর্ণ ওষুধের জিএসটি সম্পূর্ণ মকুব করা হয়েছে । এর ফলে সাধারণ মানুষ ভীষণভাবে উপকৃত হবেন বলে মনে করেন ব্যারাকপুরের বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক এস এন দত্ত।

-------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ৫৫ তম প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। সাহিত্যিক, ঔপন্যাসিক, লেখক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ছাত্রাবস্থায় যোগ দিয়েছিলেন দেশের স্বাধীনতা আন্দোলনে। তাঁর বিখ্যাত উপন্যাসগুলির মধ্যে রয়েছে গণ দেবতা, হাঁসুলি বাঁকের উপকথা, জলসাঘর, ধাত্রী দেবতা ,কালিন্দী ইত্যাদি। পেয়েছিলেন জ্ঞান পীঠ পুরস্কার।

-------------------------

পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কোন প্রভাব এ রাজ্যে না পড়লেও সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তর প্রভাবে হিমালয় সংলগ্ন জেলাগুলিতে আগামী কয়েক দিন ভারি থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আবহবিজ্ঞানী অন্বেষা

ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন, দক্ষিণবঙ্গে আগামী দু-তিন দিন স্বাভাবিক বর্ষার বৃষ্টি বিক্ষিপ্তভাবে প্রায় সব জায়গাতেই হবে।

------------------------- -------------------------